

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ১০, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৫ শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ২৫ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ/০৯ আগস্ট, ২০২১ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ২৭০-আইন/২০২১।—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৪০ এর দফা (২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ সিভিল সার্ভিস (পদোন্নতির জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৭ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৩ এর উপ-বিধি (১) এর শর্তাংশের প্রান্তস্থিত “।” চিহ্নের পরিবর্তে “:” চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা:—

“আরো শর্ত থাকে যে, অতিমারি (pandemic), মহামারী (epidemic), দৈব-দুর্বিপাক (Act of God) অথবা বিশেষ পরিস্থিতির কারণে উল্লিখিত সময়ে পরীক্ষা গ্রহণ করা সম্ভব না হইলে, সেইক্ষেত্রে কমিশন সুবিধাজনক সময়ে উক্ত পরীক্ষা গ্রহণ করিতে পারিবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কে এম আলী আজম
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১২১৯৩)

মূল্য : টাকা ৪.০০